

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৩৬

আগরতলা, ৩০ জানুয়ারি, ২০২৪

রাজ্যপালের সঙ্গে সিকিম কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের  
ফ্যাকাল্টি ও ছাত্রছাত্রীদের সৌজন্য সাক্ষাৎ



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথুর সঙ্গে আজ রাজভবনে সৌজন্য সাক্ষাতকারে মিলিত হন সিকিম কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি ও ছাত্রছাত্রীদের এক প্রতিনিধি দল। এই দলের নেতৃত্বে রয়েছেন বিশ্ববিদ্যালয়ের পিস এন্ড কনফ্লিক্ট স্টাডিস এন্ড ম্যানেজমেন্ট বিভাগের প্রধান প্রফেসর এন কে পাশোয়ানা। এই প্রতিনিধি দলটি রাজ্যের সংস্কৃতি, ঐতিহ্য এবং সামাজিক সম্প্রীতি সম্পর্কে ধারণা নিতে শিক্ষামূলক ভ্রমণে ত্রিপুরায় এসেছে। ইতিমধ্যেই তারা রাজ্যের বিভিন্ন জায়গা পরিদর্শন করেছে। রাজ্যপাল ত্রিপুরা রাজ্য এবং পড়াশোনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে তাঁর ভাবনার কথা প্রতিনিধি দলের কাছে তুলে ধরেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*